গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-১ শাখা

২০২২-২৩ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জানুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	স্বপন ভট্টাচার্য্য প্রতিমন্ত্রী
সভার তারিখ	১৫ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সচিব মহোদয় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি প্রথমেই নতুন যোগদানকৃত দুজন কর্মকর্তা, মহাপরিচালক, (বিআরডিবি) ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) উপস্থিত সবার সাথে পরিচয় করিয়ে দেন।

২.০ আলোচনা:

আলোচনার শুরুতে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ গত ১৪-১২-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভার জারীকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী আছে কি-না জানতে চান। কোন সংশোধনী না থাকায় সেটি গ্রহণপূর্বক সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.১ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভাকে অবহিত করেন, ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপিতে অন্তর্ভুক্ত ১৬টি অনুমোদিত (জিওবি অর্থায়ন ১৫টি ও প্রকল্প সাহায্য ০১টি) প্রকল্পের অনুকূলে মোট ৯০৪২৬.০০ লক্ষ (জিওবি: ৮৯২৩০.০০ লক্ষ, প্রকল্প সাহায্য: ১১৯৫.০০ লক্ষ এবং নিজস্ব তহবিল ১.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পসমূহের অনুকূলে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ২৪৮১৭.৪০ লক্ষ (জিওবি: ২৪০৩৩.১৬, প্রকল্প সাহায্য: ৭৩১.৯৩ লক্ষ এবং নিজস্ব তহবিল ০.০০ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ২২১২৭.৭৬ লক্ষ (জিওবি: ২০১৩৩.৩৪ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ৭৩১.৯৩ লক্ষ ও নিজস্ব তহবিল ০.০০ লক্ষ)টাকা যা মোট বরাদ্দের ২৩.০৭%। জাতীয় গড় ২৮.১০% (খসড়া) এবং গত অর্থ বছরে একই সময়ে অগ্রগতির হার ছিল ২২.৪৮%।

২.২ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, অর্থ ছাড়ের বিপরীতে সব সংস্থার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, বিআরডিবি'র অগ্রগতির হার সর্বোচ্চ অর্থাৎ ৩৪.৬৫%। অন্যান্য সংস্থার বাস্তবায়ন অগ্রগতির হার যথাক্রমে আরডিএ, বগুড়ার ১৯.৯৯%, সমবায় অধিদপ্তর, ১৭.৮১% বার্ড, কুমিল্লা ১০.২২% ।

অতঃপর প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

৩.০ প্রকল্প ভিত্তিক সভার আলোচনা ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৩.১. সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প (১ম সংশোধিত):

প্রকল্পটি মোট ২৯৯৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে (১ম সংশোধিত)। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ২১৩০৩.০০ লক্ষ টাকা, জুন, ২০২২ পর্যন্ত সময়ে

ক্রমপুঞ্জিত ব্যয় ১১০৪০.২৮ লক্ষ টাকা, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৩৭% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৬১%।
প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১৪৬২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩৫৭৯.০১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২৮৩২.৬৪ লক্ষ টাকা, যা হ্রাসকৃত এডিপিতে বরাদ্দের ৫১.৩৮%।

প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি বি ক্যাটাগরী হওয়ায় প্রশিক্ষণ খাতে ব্যয় হ্রাস পাবে। চলমান প্রশিক্ষণসমূহ এনএসডিএ এর মানদন্ড অনুযায়ী Assessment করতে হবে। সচিব মহোদয় আরো বলেন যে, আলোচ্য প্রকল্পটির মূলকাজ হলো প্রশিক্ষণ প্রদান। প্রশিক্ষণ খাতে প্রাপ্ত বরাদ্দ/অর্থ দিয়েই প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। এ বিভাগে প্রেরিত প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী এ বিভাগের কর্মকর্তাগণ প্রকল্প/দপ্তর/সংস্থা পরিদর্শনে গেলে এ প্রকল্পের চলমান প্রশিক্ষণ পরিদর্শন করবেন।

প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:
ক) সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১,০১৮টি'র বিপরীতে-অর্জন-১৮৮টি।
খ) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ৩,৬৪,৫০০ জনের বিপরীতে-অর্জন ২২,৫১১ জন।
গ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা ৪৮,৯৬৪ জনের বিপরীতে-অর্জন ১৭,৮১৬ জন।
১) প্রশিক্ষণ পরবর্তী Assessment কার্যক্রম চলমান রয়েছে।
২) পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom- এ সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩) ibas++ এ গ্রামকর্মীর অর্থ প্রদান করা হয়েছে।
সিদ্ধান্ত:
১) প্রশিক্ষণ পরবর্তী Assessment অব্যাহত রাখতে হবে;
২) প্রশিক্ষণ কার্যক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে Zoom-এ সংযুক্ত করতে হবে এবং
৩) এ বিভাগের কর্মকর্তাগণ প্রকল্প/দপ্তর/সংস্থার কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি চলমান প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (১ম সংশোধিত) (সিভিডিপি-৩) প্রকল্প।

৪.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):
৪.১ উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী (উদকনিক) (২য় পর্যায়) (২য় সংশোধিত):
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৩১৪৭.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৪ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ১.০০ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১২৫০৭.৪৯ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ডিসেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা।

সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
ক) সমিতি/দলগঠনঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ৬২৫টির বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৬২৩টি, খ) সদস্যভর্তিঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ১০০০০ জনের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৯৩৯৯ জন, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১২২০ জনের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত অর্জন ৮২০ জন। গ) প্রশিক্ষণ প্রদান: ডিপিপির লক্ষ্যমাত্রা ৩৮৬৪০ জনের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৩৭৮০০ জন, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ৮৬০ জনের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত অর্জন ৮৪৬জন। ঘ) মূলধনগঠন: জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত মূলধন গঠন ১৩১.০৪ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ২০.০০ লক্ষ টাকার বিপরীতে অর্জন ১৭.৬৮ লক্ষ টাকা। ঙ) জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১১০০.০০ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১০৪৮.২২ লক্ষ টাকার বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ঋণআদায় ১০৫৮.৪৯ লক্ষ টাকা। (চ) ডিসপ্লে কাম সেলস সেন্টারের ছাদ ঢালাইয়ের পাশাপাশি অন্যান্য গাঁথুনি সহ ইলেকট্রিক ও স্যানেটারী সাপ্লাই এর কাজ চলমান রয়েছে। (ছ) আন্তঃঅঙ্গ সমন্বয় ছাড়াই সংশোধিত প্রকল্প প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। (ঝ) লিফটের জন্য Pre-shipment Inspection (PSI) ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপপ্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ১৩১৪৭.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০১৪ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। চলতি অর্থবছরের এডিপিতে এ প্রকল্পের অনুকূলে মাত্র ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে, সংশোধিত আরএডিপিতে ৬৩৯.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। প্রকল্প শুরু থেকে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৫০৭.৪৯ লক্ষ টাকা। বর্তমান প্রেক্ষাপটে আগামী জুন মাসের মধ্যে LC খুলে ইউরোপ থেকে Lift আমদানী প্রায় অসম্ভব। বিষয়টি নিয়ে গত ADP সভায় বিস্তারিত আলোচনা পরবর্তী দেশে ইউরোপীয়ান মানের Lift আছে কি না তা যাচাই করার জন্য কারিগরি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে ভবনে Lift সংযোজন বিষয়ে কারিগরি কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে। বিআরডিবি এর মহাপরিচালক, গত ১১/০২/২০২৩ তারিখ নির্মাণাধীন ভবনটি সরেজমিন পরিদর্শন করেছেন। মাহাপরিচালক এর পরামর্শক্রমে কারিগরি কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে।

সিদ্ধান্ত:

১) কারিগরি কমিটির সুপারিশ এবং অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী ২টি লিফট ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

২) প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে জুন, ২০২৩ এর মধ্যেম প্রকল্প সমাপ্ত করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.২ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৩৬৩৩.৪৭ লক্ষ টাকা (যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৭৭% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৮৫%) প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই, ২০১৫ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ১৮৫৮৭.৫২ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ২২৯৮.৪২ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২২৪০.৬৮ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক) গ্রাম উন্নয়ন কমিটি গঠন: লক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতে অর্জন ৬৫০টি।

(খ) গ্রাম উন্নয়ন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৬২৫৮ টির বিপরীতে অর্জন ৪৫৪৩৫টি।

(গ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটিলক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতে অর্জন ৬৫০টি।

(ঘ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটির মিটিং: লক্ষ্যমাত্রা ৭৮০০ টির বিপরীতে অর্জন ৩৭৯৪টি।

(ঙ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ৩০৭২৬ জনের বিপরীতে অর্জন ১৪৪৮৩ জন।

(চ) ভিডিসি স্কীম: লক্ষ্যমাত্রা ৪৬৮৩ টির বিপরীতে অর্জন ২০৬৫টি।

প্রকল্প পরিচালক বলেন ৪র্থ পর্যায়ের ডিপিপি প্রণয়ন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা বলেন, ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে। প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করা হয়নি। মন্ত্রণালয় কর্তৃক ডিপিপি পর্যালোচনাপূর্বক ডিপিপির উপর কতিপয় মতামতসহ ডিপিপি সংস্থায় ফেরত প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের মতামতের আলোকে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রাপ্তির পর প্রকল্পের অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালক বলেন প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণের জন্য ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করা হয়েছে। ফেব্রুয়ারি, ২০২৩ মাসের মধ্যেই প্রতিবেদন পাওয়া যাবে। ফিজিবিলিটি স্ট্যাডি রিপোর্ট এবং মন্ত্রণালয়ের মতামতের আলোকে ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত:

১) অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত) এর অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২) আর্থিক বিবি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

৩) ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে মন্ত্রণালয়ের মতামতের আলোকে ৪র্থ পর্যায়ের প্রকল্পের ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৩ গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (১ম সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৫০৯৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট বরাদ্দ ৪৫৫৪.১৪ লক্ষ টাকা, জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১৭২.১২ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৮২% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৯২%। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৯২০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩৬০.৫৮ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৩৯.৮৩ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক)সমিতি গঠন (টি): লক্ষ্যমাত্রা: ৪৪টি, অর্জন ৬টি।

খ)সদস্য ভর্তি (জন) লক্ষ্যমাত্রা: ১২৩০ জন, অর্জন ১০৮ জন।

গ) সঞ্চয় জম (লক্ষ টাকা): লক্ষ্যমাত্রা ১০০.০০ লক্ষ টাকা, অর্জন ৯.৫১ লক্ষ টাকা।

ঘ) ঋণ বিতরণ: (জন) লক্ষ্যমাত্রা ৬০০০-অর্জন ৩০০ জন।

ঙ) ঋণ বিতরণ (আর্থিক): লক্ষ্যমাত্রা ১০০০.০০ লক্ষ টাকা অর্জন- ১০৫.৩৬ লক্ষ টাকা।

চ) ঋণ আদায় : লক্ষ্যমাত্রা ৮০০.০০ অর্জন-৮৯.৮০

ছ) প্রশিক্ষণ: লক্ষ্যমাত্রা: ১৮২০ জন- অর্জন ৬৬০ জন।

প্রকল্প পরিচালক বলেন, লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে। সর্বোচ্চ মান বজায় রেখে দক্ষ ট্রেড প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ চলমান আছে। পণ্যভিত্তিক পল্লীগুলোর সুফলভোগীদের উৎপাদিত পণের মার্কেটিং ব্যবস্থা চালু রয়েছে। রংপুর বিভাগের ০৫ টি জেলা অন্তর্ভুক্ত করে প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রণীত ডিপিপি সংস্থা কর্তৃক যাচাই বাছাইয়ের পর মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত:

১) প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২) আর্থিক বিবি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;

৩) ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং

৪) উৎপাদিত পণ্যের বিপন্নের জন্য মার্কেট লিংকেজ এর উদ্যোগ অব্যাহত রাখতে হবে এবং দক্ষ প্রশিক্ষক দ্বারা মানসম্মতভাবে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৪ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয়, প্রকল্পটি মোট ২০৬৩৫.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৮৬১.১৯ লক্ষ টাকা (৫৪%) এবং বাস্তব ৬৫%। ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে মোট ৪২৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৯২৭.৫৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৯২৬.৯১৯ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪৫% । প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

ক) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ২১০০০ জন, অর্জন ৬৮৩৭জন।

খ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ১৫৩৬০ জন, অর্জন ২৬০০ জন।

গ) ঋণ বিতরণ: লক্ষ্যমাত্রা ৯০০০.০০ লক্ষ টাকা, অর্জন ৮৭৯.৭৫ লক্ষ টাকা।

ঘ) ঋণ গ্রহীতা (সদস্য) লক্ষ মাত্রা ৪২০০০ জন, অর্জন ৩৮৯৪ জন।

ঙ) ঋণ আদায়: লক্ষ্যমাত্রা ৫৬০০.০০ লক্ষ টাকা, অর্জন ৫৫৬.২৭ লক্ষ টাকা।

চ) প্রদর্শনী খামার: লক্ষ্যমাত্রা-৩০৭২ টি, অর্জন ৭২১টি।

চ) সঞ্চয় জমা: লক্ষ্যমাত্রা ১১০০.০০ লক্ষ টাকা, অর্জন ৯৪.৭৪ লক্ষ টাকা।

জ) বীজ ও চারা বিতরণ: লক্ষ্যমাত্রা ৯০০০ জন, অর্জন ২২০ জন।

ঝ) প্রাথমিক মহিলা সমতি গঠন: ০৯টি।

প্রকল্প পরিচালক বলেন যে, ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন চলমান আছে। প্রশিক্ষণ খাতে অর্থ মন্ত্রণালয়ের সার্কুলার জারীর কারণে শতভাগ প্রশিক্ষণ সম্পন্ন করা যাবে না। সভাপতি মহোদয় উপজেলার সংখ্যা যৌক্তিকভাবে নির্ধারণ করে ঋণের পরিমাণ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত:

১) প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করে ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২) আর্থিক বিবি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে; এবং

৩) ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৫ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পঃ

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩৪৬৫৫.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৬ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩২৬১.১৩ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ৮০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ২৭২৯.২২ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ২৭২০.৮৭ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

১. মহিলা সমিতি/দল ও কিশোরি সংঘ গঠন: লক্ষ্যমাত্রা: ৩৩০টি, অর্জন ২০টি।

২. সদস্য অন্তর্ভুক্তি (মহিলা ও কিশোরী): লক্ষ্যমাত্রা ৮২৫০ জন, অর্জন ৯৯০ জন।

৩. সঞ্চয় (মহিলা): লক্ষ্যমাত্রা ৩০০.০০ লক্ষ টাকা, অর্জন ১০১.৩৭ লক্ষ টাকা।

৪. সঞ্চয় (কিশোরী সদস্য): লক্ষ্যমাত্রা ২৮৩.২০ লক্ষ টাকা, অর্জন ২৯.২৯ লক্ষ টাকা।

৫. প্রশিক্ষণ) লক্ষ্যমাত্রা ৫৮০০ জন, অর্জন, ১১৭০ জন।

৬. প্রশিক্ষণ (কিশোরী) লক্ষ্যমাত্রা ৫৯০টি, অর্জন, ১৪০টি।

৭. ক্ষুদ্র ঋণ বিতরণ: (ক্ষুদ্র ও উদ্যোক্তা) লক্ষ্যমাত্রা ৩৯০১.০১ লক্ষ টাকা, অর্জন ০.০০ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক বলেন, ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন অব্যাহত রয়েছে। কিশোরী সদস্যদের সকল তথ্য সংরক্ষণের জন্য কিশোরী ম্যানেজমেন্ট সফটওয়্যার করা হয়েছে এবং প্রতি মাসে প্রত্যেক সদস্যকে এসএমএস প্রদানের মাধ্যমে আর্থিক তথ্য প্রদান করা হচ্ছে। নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৯ তলা ভবনের প্রাক্কলন যাচাই বাছাই করা হচ্ছে এবং যাচাই বাছাই শেষে ই-জিপি পোর্টালের মাধ্যমে দরপত্র আহ্বান করা হবে। কোন কিশোরী সদস্যদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে প্রকল্প মেয়াদ শেষ হলে তাদের জমাকৃত সঞ্চয়ের দ্বিগুন সরকারী প্রণোদনা প্রদানের বিষয়টি কিভাবে নিষ্পত্তি হবে সে বিষয়ে সচিব মহোদয় বলেন জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপিতে এ বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা নেই, তাই এ বিষয়ে একটি সুনির্দিষ্ট নির্দেশনা থাকা প্রয়োজন। এ বিষয়টি প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত:

১) ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কাজ সম্পন্ন করতে হবে;

২) আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক প্রকল্পের অনুকূলে চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;

৩) দ্রুততম সময়ে মধ্যে নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৯ তলা ভবনের প্রাক্কলন যাচাই বাছাই সম্পন্ন করে ই-জিপি পোর্টালের মাধ্যমে দরপত্র আহ্বান করে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

৪) কিশোরী সদস্যদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে প্রকল্প মেয়াদ শেষ হলে তাদের জমাকৃত সঞ্চয়ের দ্বিগুন সরকারী প্রণোদনা প্রদানের বিষয়ে একটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রস্তুতপূর্বক তা প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির

সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪.৬ পল্লী জীবিকায়ন প্রকল্প-৩ পর্যায়:
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৯২৮৮৮.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ খ্রি. হতে জুন, ২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৭৮৭০.৯৬ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের মূল এডিপিতে মো বরাদ্দ ২৭৬০০.০০ লক্ষ টাকা। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৯৬৬২.৫১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৯১৮১.৪৯ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:
দল গঠন: ৬৩৬টি, সদস্য অন্তর্ভুক্তি: ১১২৩৫ জন, সঞ্চয় জমা: ৮০৬.১৯ লক্ষ টাকা, প্রশিক্ষণ প্রদান: ০.০০ জন, ক্ষুদ্র ঋণ বিতরণ: ১১২৪.৭৩ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ বিতরণ: ১১৩৮.৫১ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণ আদায়: ৮৪৬.৯১ লক্ষ টাকা, উদ্যোক্তা ঋণ আদায়: ৩২৫.৮২ লক্ষ টাকা, এক পণ্য এক পল্লীভিত্তিক জীবিকায়ন পল্লী গঠন: ১২টি, কর্মশালা: ০ জন, কোভিড-১৯ এর কারণে বিদেশ ফেরত কর্মহীন ব্যক্তিদের অন্তর্ভুক্তিকরণ: চলমান আছে।

প্রকল্প পরিচালক বলেন যে, ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ৪টি মনিটরিং টীম বিআরডিবি'র মনিটরিং টীমের মাধ্যমে মাঠ কার্যক্রম তদারকি করা হচ্ছে। জেলার উপপরিচালকদের-০১টি, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প কর্মকর্তাদের সমন্বয়ে-০১টি মোট ০২টি জুম সভার মাধ্যমে ঋণ কার্যক্রম মনিটরিং জোরদারকরণ এবং ঋণ আদায় কার্যক্রম ১০০% নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পটি ১ম বার সংশোধনের জন্য স্টিয়ারিং কমিটির সভায় সুপারিশ করা হয়েছে। স্টিয়ারিং কমিটির সুপারিশ অনুযায়ী আরডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। জানুয়ারি ২০২৩ মাসে ১২টি পণ্য ভিত্তিক জীবিকায়ন পল্লী গঠন করা হয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত পর্যন্ত মোট ১৯টি পণ্য ভিত্তিক জীবিকায়ন পল্লী গঠন করা হয়েছে।
সিদ্ধান্ত:
১. আর্থিক বিবি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;
২. স্টিয়ারিং কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্প সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
৩. ঋণ আদায়কার্যক্রম তরান্বিত করতে হবে এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৫.০ সমবায় অধিদপ্তর:
৫.১ "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ" শীর্ষক প্রকল্প:
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৮০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩৩৬২.২০ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১৫৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৫৭৭.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৫২০.৫৯ লক্ষ টাকা, যা বরাদ্দের ৩৩.৮০%।

সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
(১) জরিপ: লক্ষ্যমাত্রা ১২০০ জন, অর্জন ১০০ জন (মনিরামপুর: ২০০ জন, মেহেরপুর সদর: ৮০০ জন) (২) প্রশিক্ষণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ৫০টি (১২৫০ জন), অর্জন ৪৫০জন (মনিরামপুর: ২০০ জন, মেহেরপুর সদর: ২৫০ জন) (৩) সমবায় সমিতি গঠন: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২টি, অর্জন ০৮টি জন (মনিরামপুর: ০২টি, মেহেরপুর সদর: ০৬টি)। (৪) চেক বিতরণ: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০ জন, অর্জন ২৫৬ জন জন (মনিরামপুর: ০০ জন, মেহেরপুর সদর: ২৫৬ জন)। (৫) বাছুর/বকনা ক্রয়: বার্ষিক লক্ষ্যমাত্রা ১২৬০

জন, (২৯৪০/২০২১-২২), ৩১৯৬ জন সুবিধাভোগীর মধ্যে ৩১০২ জন সুবিধাভোগী ৩৭৮২ টি গরু (২৬৩০+১১৫২) কিনেছেন (মনিরামপুর:২৩০০ জন, মেহেরপুর সদর: ৮০২ জন)।

প্রকল্প পরিচালক জানান যে, জনসংখ্যার অনুপাতে সুবিধাভোগী নির্বাচন করে মনিরামপুরে প্রশিক্ষণ শুরু হয়েছে। সচিব মহোদয় চলতি বছরে প্রকল্পের মেয়াদ থাকায় প্রকল্প কার্যক্রম সম্পন্ন হবে কিনা তা জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, চেষ্টা করা হবে। তবে কোন কারণে শেষ না হলে মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। সভায় অস্থায়ী শেড নির্মাণের ব্যাপারে সভাপতি বলেন যে, জায়গা পাওয়া গেলে নির্মাণ করা যায়।

সিদ্ধান্ত:

১) প্রকল্প মেয়াদে প্রকল্প কার্যক্রম সম্পূন্ন করার চেষ্টা অব্যাহত রাখতে হবে।

২) জমি পাওয়া গেলে শেড নির্মাণ করতে হবে।

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৫.২ 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প' শীর্ষক প্রকল্পঃ

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৯৩.১০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২১ খ্রি. হতে জুন ২০২৪ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪৫৭.৬২ লক্ষ টাকা (৯.১৬%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে 'বরাদ্দ ৩৪৮৪.০০ লক্ষ টাকা (রাজস্ব ১৯৫২.০০ ও মূলধন ১৫৩২.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ১৩০৬.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৮৫৭.৮৬ লক্ষ টাকা যা, বরাদ্দের ১৭.১৭%। সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(১) ৪টি ৩দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং ৩টি একদিনের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। (২) ৭৯ জন উপকারভোগীর ৪১.৫০ লক্ষ টাকার ঋণ বিতরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। (৩) উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক পুকুর প্রস্তুত ও পুকুরে মাছ চাষের ব্যয় প্রাক্কলন প্রেরণের জন্য জেলা ও উপজেলা সমবায় অফিসারদের পত্র দেয়া হয়েছে। এবং (৪) ১০টি স্থানের পৃথক পৃথক ডিজাইন ও ব্যয় প্রাক্কলন সম্পন্ন করে LGED'র ভেটিং নেয়া হয়েছে।

প্রকল্প পরিচালক বলেন যে, ডিপিপি সংশোধন শেষ পর্যায়ে। ১০টি জায়গার জন্য design ও cost estimate আলাদাভাবে করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিল্ডিংগুলো অকৃষি জমিতে করা হচ্ছে। সভাপতি দ্রুত ডিপিপি এ বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য বলেন।

সিদ্ধান্ত:

১) অতি দ্রুত সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৬.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা:

৬.১ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় যে, বার্ডের আধুনিকায়ন প্রকল্পটি মোট ৪৮৫৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৯৬৯.২৮ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে মোট ১৬৩২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২২ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত হয়েছে ৩০৫.৪৭ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১১৮.২১ লক্ষ টাকা।

প্রকল্প পরিচালক সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

(১) বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোচ সংস্কার ওয়াকওয়ে নির্মাণ: বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোসরোড সংস্কার এর কাজ শেষ হয়েছে এবং ওয়াকওয়ে এর ৭০% সমাপ্ত হয়েছে। (২) ডিজাইন, সুপারভিশন ও মান নিয়ন্ত্রণ এর জন্য কনসালটেন্সি ফার্ম নিয়োগ: স্থাপত্য অধিদপ্তর থেকে ভেটিং পাওয়া গেছে তিনটি কম্পোনেন্ট যথা: লন টেনিস কোর্ট, আধুনিক রান্নাঘর ও হোস্টেল

অভ্যর্থনা অফিস এর দরপত্র আহবান করা হয় এবং সেই দরপত্র যাচাই বাচাই ও অন্যান্য কাজ সম্পন্ন করে চুক্তি করার জন্য NoA প্রদান করা হয়েছে। (৩) ল্যান্ডস্কেপিং ও মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক কনসালটেন্সি ফার্ম কার্যক্রম: পূর্ণ মাস্টার প্ল্যান প্রণয়নের কাজ চলমান রয়েছে। (৪) অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন/সংস্কার ও নির্মাণ: কাজ চলমান রয়েছে (৫) নতুন টেন্ডার আহবান: লন টেনিস কোর্ট নির্মাণ, আধুনিক রান্না ঘর নির্মাণ কাজের ঠিকাদার এর সাথে চুক্তি সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং হোস্টেল এর অভ্যর্থনা অফিস নির্মাণ কাজের চুক্তির জন্য প্রক্রিয়াধীন আছে। (৬) প্রকল্পের বাজেট সংক্রান্ত: গত ১৭ অক্টোবর ২০২২ তারিখ ১ম কিস্তি বাবদ ৩০৫.৪৭ লক্ষ টাকার সরকারি মুঞ্জুরি পত্র পাওয়া গেছে। তাছাড়া ২য় কিস্তির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে অর্থ ছাড় প্রক্রিয়াধীন।

প্রকল্প পরিচালক বলেন যে, উক্ত প্রকল্পের তিনটি কম্পোনেন্টস (১) লন টেনিস কোর্ট নির্মাণ, (২) আধুনিক রান্নঘর নির্মাণ এবং (৩) হোস্টেলের রিসিপশন নির্মাণের জন্য কার্যাদেশ দেয়া হয়েছে। মোট ০৬ (ছয়)টি কম্পোনেন্টের কাজ চলমান রয়েছে। জুন/২০২৩ মাসে প্রকল্পের মেয়াদ শেষ।২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করতে হবে।

সিদ্ধান্ত:
১) গুণগতমান বজায় রেখে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।
বাস্তবায়নে: ১) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা ও ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.০ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া:
৭.১ গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৪৭৩০.০০ লক্ষ টাকা (জিওবি: ২১৪১৯.০০ ও উপকারভোগী: ৩৩১০.৯০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৭১৭২.০৫ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৪৭.৩০%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে । জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক, আরডিএ, বগুড়া সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করেন:

(১) আবাসিক ভবন: রাজশাহী বিভাগে ৭০% কাজ সম্পন্ন এবং ঢাকা বিভাগে ৩৫% কাজ সম্পন্ন হয়েছে; (২) প্রধান ফটকসহ গার্ডরুপ ও সংযোগ রাস্তা: ১০০% কাজ সম্পন্ন হয়েছে; (৩) সীমানা প্রাচীর: ১০০% কাজ সম্পন্ন হয়েছে; (৪) ভূমি উন্নয়ন: কাজ ১০০% সম্পন্ন হয়েছে; (৫) সংশোধিত ডিপিপিতে অবশিষ্ট ৩টি (কক্সবাজার, খুলনা ও সিলেট) সাইটের কাটাতারের সীমানা প্রাচীরের ব্যয় ধরা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদিত হলে কাজ শুরু করা হবে।

প্রকল্প পরিচালক জানান যে, বিএমটিএফ এখনো কাজ শুরু কবেননি। বারবার বলা হলেও কাজ শুরু করা এখনো যায়নি। যুগ্ম সচিব (উন্নয়ন) আগামীতে performance security হিসেবে ১০% টাকা জমা রাখার জন্য বলেন। ডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

সিদ্ধান্ত:
১) বিএমটিএফ কর্তৃক দ্রুত কাজ শুরু করতে হবে।
২) পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং ২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.২ কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প:
সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৬২৪০.৬১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০২৫৯.০৯ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ

বছরের এডিপিতে মোট ৬,৩৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে ১১১৮.৮৯ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৮৯২.২৭ লক্ষ টাকা।
সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়: এছাড়া নিম্নলিখিত কার্যক্রম গতিশীলভাবে এগিয়ে চলছে:

ক) উলিপুর- ইলেকট্রিক লাইন বসানোর কাজ সম্পন্ন হয়েছে। রুমের ভিতরের প্লাস্টারের কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকের বেজ ঢালাই ও গ্রেড বীম ঢালাই সম্পন্ন হয়েছে। দেয়াল গাঁথুনির কাজ চলছে। (খ) চিলমারী- ইলেকট্রিক লাইন বসানোর কাজ সম্পন্ন হয়েছে। রুমের ভিতরের প্লাস্টারের কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকের বেজ ঢালাই ও গ্রেড বীম ঢালাই সম্পন্ন হয়েছে। দেয়াল গাঁথুনির কাজ চলছে। (গ) মাদারগঞ্জ- ইলেকট্রিক লাইন বসানোর কাজ শেষ হয়েছে। রুমের প্লাস্টার শেষ হয়েছে। টাইলস বসানোর কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকের বেজ ঢালাই ও গ্রেড বীম ঢালাই সম্পন্ন হয়েছে। দেয়াল গাঁথুনির কাজ চলছে। (ঘ) মেলান্দহ- ইলেকট্রিক লাইন বসানোর কাজ শেষ হয়েছে। রুমের প্লাস্টার শেষ দিকে। (ঙ) নাগেশ্বরী- ফ্লোর ঢালাই সম্পন্ন হয়েছে। মূল ভবনে রুমের দেয়াল তৈরীর কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকে দেয়াল তৈরীর কাজ মোটামুটি শেষ দিকে, প্লাস্টার বাদ আছে। সামনের দিকের কাজ বাদ আছে। (চ) রাজারহাট- মূল ভবনে রুমের দেয়াল তৈরীর কাজ চলছে।সীমানা প্রাচীরের ৩ দিকে দেয়াল তৈরীর কাজ মোটামুটি শেষ দিকে, প্লাস্টার বাদ আছে। সামনের দিকের কাজ বাদ আছে। (ছ) ইসলামপুর- মূল ভবনের প্লাস্টারের কাজ শেষ। টাইলস লাগানোর কাজ শেষ হয়েছে। ফিনিশিংয়ের কাজ চলছে। রংয়ের কাজ বাদ আছে। ছাদে পানির ট্যাংক বসানো হয়েছে। সোলার প্যানেল বসানোর কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকের বেজ ঢালাই ও গ্রেড বীম ঢালাই সম্পন্ন হয়েছে। (জ) দেওয়ানগঞ্জ- মেঝেতে মাটি ভরাট শেষ পর্যায়ে। ছাদের জন্য কলামের কাজ চলছে। সীমানা প্রাচীরের ৩ দিকের বেজ ঢালাই ও গ্রেড বীম ঢালাই সম্পন্ন হয়েছে। (ঞ) গরু প্রাপ্ত উপকারভোগীদের উপজেলায় ২ দিনের প্রশিক্ষণ ৭০ ব্যাচ শেষ হয়েছে। উপজেলা পর্যায়ে হাসমুরগী ও গরু ছাগল পালন প্রশিক্ষণ ৮ ব্যাচ শেষ হয়েছে। ২ ব্যাচ খাদ্য প্রক্রিয়াকরণ, ১ ব্যাচ কৃত্রিম প্রজনন, ২ ব্যাচ সাইলেজ ও জৈব সার, ২ ব্যাচ সেলাই ও হ্যান্ডিক্রাফট, ২ ব্যাচ মৎস্য উৎপাদন প্রশিক্ষণ, ১ ব্যাচ উইম্যান পারলার প্রশিক্ষণ শেষ হয়েছে। বর্তমানে আরডিএ তে কম্পিউটার ও আউট সোরসিং-১ ব্যাচ, মোবাইল ও ইন্টারনেট-১ ব্যাচ, ইলেকট্রিক্যাল ও প্লাম্বিং-১ ব্যাচ, উইমেন পারলার-১ ব্যাচ, খাদ্য প্রক্রিয়াকরণ ১ ব্যাচের প্রশিক্ষণ চলমান।
প্রকল্প পরিচালক বলেন, ৮টি এপিএম ইউনিটের মধ্যে ৭টির নির্মাণ কাজ সম্পন্ন হবে। প্রকল্প মেয়াদে ১টির নির্মাণ কাজ সম্পন্ন নাও হতে পারে। মেশিনারীজসমূহ যদি সময়মত না পাওয়া যায় তাহলে কমিশনিং করে স্থাপনের জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্প মেয়াদ বৃদ্ধি করা দরকার।

সিদ্ধান্ত:
১) এপিএম ইউনিটের নির্মাণ কাজ দ্রুত সম্পাদনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২) মেশিনারীজ সমূহ যথানিয়মে Procurment করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৭.৩ মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্প:
প্রকল্পটি মোট ৫,৯৮৬.০০ (জিওবি-১,৪৭৬.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য -৪,৫১০.০০) টাকা লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২১০৬.৬০ লক্ষ টাকা (৩৫.১৯%)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে মোট ১,৫৬৩.০০ লক্ষ (জিওবি: ৩৩৫.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ১,১৯৫.০০) টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৮৯৯.৪৩ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৮৮০.৭০লক্ষ টাকা।

সভায় নিম্নরূপভাবে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
(১) ০৫টি জেলার (রংপুর জেলার গংগাচড়া উপজেলার পূর্ব ইচলীতে-০১টি, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার হকবাজারে-০১টি, গাইবান্ধা জেলার সদর উপজেলার কাউন্সিল বাজারে-০১টি ও গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ফুলছড়ি বাজারে-০১টি, লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার ভুল্লারহাটে-০১টি এবং জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার পোলাকান্দিতে-০১টি) ০৬টি সাইটে Portable Storage পাইলটিং আকারে স্থাপন/নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে, যার মধ্যে ০৪টি Portable Storage নির্মাণ কার্যক্রম ১০০% সম্পন্ন হয়েছে; (২) প্রকল্পের আওতায় পোর্টেবল সৌরবিদ্যুৎ

